এলডিসি স্ট্যাটাস থেকে বাংলাদেশের উত্তরণ উদ্‌যাপন-এর লক্ষ্যে অ্যাকশন প্লান

১। প্রধান কার্যালয় সজ্জিত রাখাসহ প্রদত্ত নমুনায় ব্যানার তৈরী করে ২০-২৫ মার্চ ২০১৮ পর্যন্ত প্রত্যেক কার্যালয়ের প্রধান ফটকে দৃশ্যমান করতে হবে। স্ব-স্ব দপ্তরের ব্যানারের চর্তুদিক সন্ধ্যা ৬টা হতে সকাল ৬টা পর্যন্ত আলোক সজ্জায় আলোকিত রাখতে হবে। ব্যানারের নমুনার লেখণীর নিম্নাংশে নিজ নিজ কার্যালয়ের নাম ও ঠিকানা ছাপতে হবে। ব্যানারের নমুনা সংযুক্তাকারে এসংগে প্রেরণ করা হলো।

২। ২০-২৫ মার্চ ২০১৮ পর্যন্ত প্রতিদিন চিকিৎসা সেবা প্রদান ও স্বাস্থ্য সেবা সম্পর্কিত শ্রম অধিদপ্তর কর্তৃক প্রকাশিত অ্যাপটির ব্যবহারের উপকারিতা ও উপায় সম্পর্কে শ্রমিকগণকে অবহিত করতে হবে। মাইকিং - এর ব্যবস্থাসহ এ-বিষয়টি বাস্তবানের জন্য প্রত্যেক শ্রম কল্যাণ কেন্দ্রের আওতাধীন অন্তত ২০টি প্রতিষ্ঠানে পত্র প্রেরণের মাধ্যমে প্রতিপ্রতিষ্ঠানগুলো হতে উল্লেখিত ৬(ছয়) দিনের প্রতিদিন ৫(পাচঁ) জন করে শ্রমিককে সংশ্লিষ্ট শ্রম কল্যাণ কেন্দ্রে /শিল্প সম্পর্ক শিক্ষায়তন সমূহে প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।-এ বিষয়ে শিল্প সম্পর্ক শিক্ষায়তন সমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ শ্রম কল্যাণ কেন্দ্রের কার্যক্রমে পূর্ণ সহযোগিতা প্রদান করবে।

৩। ২০-২৫ মার্চ ২০১৮ - এর মধ্যে যে কোন এক দিন প্রতিটি শ্রম কল্যাণ কেন্দ্রে চিকিৎসা সেবার সাথে চিকিৎসকে পরামর্শ অনুযায়ী ৫ (পাচঁ) বছরের উর্ধে শিশুদের কৃমির ঔষধ বিতরণ করা হবে। যে শ্রম কল্যাণ কেন্দ্রে কোন চিকিৎসা কর্মকর্তা নেই সে শ্রম কল্যাণ কেন্দ্রে পার্শ্ববর্তী শ্রম কল্যাণ কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা সে কেন্দ্রে এসে ৫ (পাচঁ) বছরের উর্ধে শিশুদের কৃমির ঔষধ বিতরণ করার বিষয়টি সুসম্পন্ন করবে।

৪। সকল বিভাগীয় শ্রম দপ্তর, শ্রম কল্যান কেন্দ্র ও শিল্প সম্পর্ক শিক্ষায়তন সমূহকে নিজ নিজ কার্যালয় কর্তৃক উন্নত ও গতিশীল সেবা প্রদানের সংক্ষিপ্ত বর্ণনাসমেত ব্রুসিয়ার তৈরী করে অনতি বিলম্বে মহা পরিচালক মহোদয় বরাবর হার্ডকপি ও সফট কপি ইমেইলে প্রেরণ করতে হবে। ২০-২৫ মার্চ ২০১৮ পর্যন্ত প্রতিদিন সকল বিভাগীয় শ্রম দপ্তর / শ্রম কল্যান কেন্দ্র /শিল্প সম্পর্ক শিক্ষায়তনে আগত সেবা গ্রহনকারীদের হাতে প্রদান নিশ্চিত করতে হবে।

Rokhsana Chowdhury DD1

১৪/৩/১৮
রোখসানা চৌধুরী
উপ পরিচালক
শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৪/৩/১৮
ডাঃ আবু সালেহ্ মুহাম্মদ রিয়াজী
পরিচালক (মেডিকেল)
শ্রম অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

১৪/৩/২০১৮
শিবনাথ রায়
মহাপরিচালক
শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৫। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্দেশিত সময় : ২২ মার্চ ২০১৮, বেলা ২.০০ টায় শ্রম অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় শ্রম দপ্তর ও তেজগাওঁ শ্রম কল্যান কেন্দ্রের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্ব-স্ব দপ্তরের ব্যানার সমেত র‍্যালীতে অংশ গ্রহণ করে "দোয়েল চত্তর"-এ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের র‍্যালীর সাথে একত্রিত হবে।

৬। তেজগাওঁ শ্রম কল্যান কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডা: সৈয়দা নূরুন নাহার ইসলাম, সিনিয়র মেডিক্যাল অফিসার নিজস্ব দপ্তরের "ফার্ষ্ট-এইড বক্স"-এর প্রয়োজনীয় উপাকরণ ও বি.পি. মেশিন এবং ডিসপেন্সারী এটেনডেন্ট সহ র‍্যালীর পিকাপে/গাড়ীতে অবস্থান করবেন।

৭। তাছাড়া অন্যান্য বিভাগীয় শ্রম দপ্তর, শ্রম কল্যান কেন্দ্র , শিল্প সম্পর্ক শিক্ষায়তন সমূহে ২২ মার্চ ২০১৮ তারিখ বেলা ২.০০ ঘটিকায় শহরের প্রধান সড়কে দপ্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক-মালিক প্রতিনিধি সমন্বয়ে দপ্তরের ব্যানার সহ র‍্যালী করবে। র‍্যালী হতে জনসাধারণকে উক্ত দপ্তরের সিটিজেন চার্টার, উল্লেখযোগ্য অর্জন, প্রদানকৃত সেবা সমূহের ব্রুসিয়ার তৈরী করে বিলি করতে হবে।

৮। সকল দপ্তর সমূহ নিজ নিজ সেবা প্রদান(TCV:সময়, বিনামূল্যে ও বারংবার আসা ব্যাতিরেকে) অর্থাৎ "বিনামূল্যে সেবা গ্রহণকারী আসিবা মাত্র সেবা পাবে "উল্লেখসহ প্রত্যেক দপ্তরের অর্জন বুলেট আকারে প্রিন্ট করে দৃশ্যমান স্থানে তুলে ধরতে হবে।

৯। শ্রম কল্যান কেন্দ্রের মাধ্যমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক তাদেও সহযোগিতায় কয়েকটি প্রতিষ্ঠানে খেলাধূলার আয়োজন করতে হবে।

১০। অ্যাকশন প্লানের কার্যক্রম সমূহ বাস্তবায়নের ছবি ও ভিডিও শ্রম অধিদপ্তরের ফেসবুকে আপলোডের মাধ্যমে নিশ্চিত করতে হবে।

রোখসানা চৌধুরী
উপ পরিচালক
শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Rokhsana Chowdhury DD2

ডাঃ আবু সালেহ মুহাম্মদ রিয়াজী
পরিচালক (মেডিকেল)
শ্রম অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা

শিবনাথ রায়
মহাপরিচালক
শ্রম অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার